

স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬ আশাট ১৩১৬

২০১৬-১৭
তারিখ: ০৯ জুলাই ২০১৬
১৬ আশাট ১৩১৬

নম্বর: ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৩.২০১৬-১১৫০

পরিপত্র

বিষয়: প্রতিবন্ধী ব্যক্তিগণকে চাকরিসহ অন্যান্য সুবিধাদি প্রদানের ক্ষেত্রে সমাজসেবা অধিদফতর/রাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) কে মানদণ্ড হিসেবে বিবেচনা করণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতিবন্ধী জনগোষ্ঠীকে উপযুক্ত চিকিৎসা, শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দারিদ্র্য নিরসন ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে প্রতিবন্ধিতার ধরণ চিহ্নিতকরণ, মাত্রা নিরূপণ ও কারণ নির্দিষ্টকরণের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতর ২০১৩ সাল হতে দেশব্যাপী 'প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি' পরিচালনা করে আসছে। এ পর্যন্ত সারাদেশে প্রায় ১৬,৬১,০০০ জন প্রতিবন্ধী ব্যক্তির তথ্য সংগ্রহপূর্বক স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মনোনীত ডাক্তারের সহায়তায় প্রতিবন্ধিতার ধরণ ও মাত্রা নিরূপণ করা হয়েছে। যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক সমাজসেবা অধিদফতর/রাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩' অনুযায়ী পরিচয়পত্র (আইডি কার্ড) প্রদান করা হচ্ছে। এটি একটি চলমান প্রক্রিয়া।

২। সাম্প্রতিককালে লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর ও পরিদপ্তরসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রতিবন্ধী ব্যক্তিদের চাকরি দেয়ার ক্ষেত্রে সমাজসেবা অধিদফতর/রাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) বিবেচনায় না নিয়ে জেলা সমাজসেবা কার্যালয় হতে সনদপত্র চাওয়া হচ্ছে যা 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩' এর পরিপন্থী। উক্ত আইনের ধারা ৩১ এর উপ-ধারা (৬) এ উল্লেখ রয়েছে যে, 'এই ধারার অধীন ইস্যুকৃত পরিচয়পত্র ব্যতীত কোন প্রতিবন্ধী ব্যক্তি এ আইন বা অন্য কোন আইনে প্রতিবন্ধী ব্যক্তির জন্য নির্ধারিত কোন সুবিধা গ্রহণ করিতে পারিবে না'।

৩। এমতাবস্থায়, চাকরিসহ অন্যান্য সুবিধাদি প্রদানের ক্ষেত্রে সমাজসেবা অধিদফতর/রাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় হতে প্রদত্ত পরিচয়পত্রকে (আইডি কার্ড) মানদণ্ড হিসেবে বিবেচনা করার জন্য অনুরোধ করা হলো।

স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
তারিখ: ০৯ জুলাই ২০১৬

(জুয়েনা আজিজ)
সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নং ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৩.২০১৬-১১৫০

তারিখ: ০৫ আগস্ট, ২০১৬ খ্রিস্টাব্দ
২১ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১২। লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(শোহিনা খাতুন)
যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৭১৮৫
admin1@hsd.gov.bd